লোহাগাড়ায় পুলিশের মহড়া

এলনিউজ২৪ডটকম: বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার (৮ ফেব্র“য়ারী) রায়কে কেন্দ্র করে আজ ৭ ফেব্র“য়ারী বিকেলে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া সীমানা মহড়া দিয়েছে থানা পুলিশ।

লোহাগাড়া থানার অফিসার ইনচার্জ মোঃ শাহজাহান পিপিএম (বার)’র নেতৃত্বে একদল পুলিশ মোটরসাইকেল নিয়ে মহড়া দেন। মহড়া চলাকালীন পদুয়া পদুয়া বাজার হতে কয়েকজন বিএনপি নেতাকর্মীকে আটক করেছে বলে জানা যায়। এতে আতংকিত হয় এলাকার জনসাধারণ। তবে পুলিশ বলছে এতে আতংকিত হবার কিছু নেই।

লোহাগাড়া থানার অফিসার ইনচার্জ মোঃ শাহজাহান পিপিএম (বার) জানান, বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার রায়কে কেন্দ্র করে নাশকতার যে কোন পরিকল্পনা এড়াতে আমরা সবসময় প্রস্তুত। রায় পর্যন্ত আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।